দৈনিক জনকণ্ঠ

তারিখ 31 DEC 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পদ্ধতি ঢেলে সাজানো হচ্ছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** বাড়তি ঝামেলা এড়ানো ও প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ থেকে রেহাই পাবার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথমবর্ষে ভর্তি পদ্ধতি ঢেলে সাজানো হচ্ছে। লিখিত পরীক্ষা নেয়া হলেও তা হবে আগের তুলনায় আধুনিক ও সংক্ষিপ্ত। ভর্তি আবেদনের ক্ষেত্রে পূর্বে যে ন্যূনতম যোগ্যতা ছিল তাও বাড়ানো হবে। এ খবর সংশ্লিষ্ট সূত্রের।

জানা যায়, জানুয়ারির প্রথম সপ্তাহে সাধারণ ভর্তি কমিটির সভায় ভর্তি সংক্রান্ত যাবতীয় কৌশল ঠিক করা হবে। এর আগে ভর্তি পদ্ধতি কেমন হবে, সে সম্পর্কে প্রত্যেক বিভাগীয় একাডেমিক কমিটির কাছে সুপারিশ চাওয়া হয়েছিল। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীনরাও এ ব্যাপারে তাদের সুপারিশ প্রস্তুত করেছেন।

সূত্র জানায়, কলা, সামাজিক বিজ্ঞান ও বিজ্ঞান অনুষদে ভর্তি পরীক্ষা ১০০ নম্বরের মধ্যে নেয়া হবে। তবে অধিকাংশ শিক্ষক ৫০ নম্বরের এমসিকিউ অথবা সর্বাত্মক ও ৫০ নম্বরের রচনাত্মক (বাংলা ও ইংরেজী) পদ্ধতিতে পরীক্ষা নেয়ার পক্ষপাতী। কোন কোন শিক্ষক ৫০ নম্বরের সাহিত্য জ্ঞান যাচাইয়ের পাশাপাশি ছাত্র-ছাত্রীদের মৌলিক জ্ঞান যাচাই করে ভর্তির পক্ষে মত প্রকাশ করবেন। তবে সকলেই চান বর্তমান পদ্ধতির সংস্কার। উল্লেখ্য, বাণিজ্য অনুষদে এমসিকিউ পদ্ধতি চালু হবার পর তা বিভিন্ন মহলে প্রশংসিত হয়েছে।

এদিকে আবেদনকারীদের চাপ কমাতে গত বছরের তুলনায় এস এসসি ও এইচএসসি'র নম্বর বেশি চাওয়া হবে। তবে এসএসসি'র শতকরা তিন নম্বর ও এইচএসসি'র শতকরা সাত নম্বরসহ লিখিত পরীক্ষার নম্বর যোগ করে মেধা স্কোর তৈরি প্রক্রিয়া অব্যাহত থাকবে।